

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

## CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আহাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং-৭৭/২০২৩  
সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

তারিখঃ ২৪/১২/২০২৩ খ্রিঃ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, জাতীয় রাজস্ব বোর্ড, এর নথি নং- ০৮.০১.০০০০.৫৩.০২.০২৩.২৩/৪৩৩,  
তারিখঃ ২১/১২/২০২৩ খ্রিঃ সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

মোঃ মিজানুর রহমান  
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
পুট-এফ ১/এ, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

নথি নং- ০৮.০১.০০০০.৫৩.০২.০২৩.২৩/৪৩৩

তারিখঃ ২১ ডিসেম্বর, ২০২৩ খ্রিঃ।

বিষয়ঃ **The Customs Act, 1969 এর section 156(1) এর Table এর ক্রমিক নং 14 বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের দিক নির্দেশনা।**

- সূত্রঃ ১। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ০৮.০১.০০০০.৫৩.০১.০০২.২০/১৮৯, তারিখঃ ৩০/০৬/২০২০ খ্রিঃ।  
২। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ০৮.০১.০০০০.৫৬.০১.০০৫.১৪/২০৩, তারিখঃ ১১/১০/২০২১ খ্রিঃ।  
৩। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ০৮.০১.০০০০.৫৩.০২.০২৩.২৩/১৫৩, তারিখঃ ০২/০৪/২০২৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, The Customs Act, 1969 এর section 156(1) এর Table এর ক্রমিক নং 14 -তে বর্ণিত offences এর বিপরীতে penalties কলামে section 32 এর আওতায় অসত্য ঘোষণার জন্য দণ্ড আরোপের বিধান বিষয়ে সূত্রোক্ত পত্র তিনটির মাধ্যমে ইতোপূর্বে নির্দেশনা প্রদান করা হয়েছে। দ্রুততার সাথে পণ্যচালান শুদ্ধায়নের পাশাপাশি কাস্টমস সংশ্লিষ্ট কার্যক্রম অধিকতর ব্যবসা ও বিনিয়োগ বান্ধব করার লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ নির্দেশনা প্রদান করছে:

- (ক) আমাদানিকারক কর্তৃক কোনো কাস্টম হাউস/স্টেশনের মাধ্যমে কোনো পণ্য প্রথমবার আমদানির ক্ষেত্রে যদি বাণিজ্যিক দলিলাদিতে পণ্যের বাণিজ্যিক বা ট্যারিফ বর্ণনা, আর্ট নম্বর, পার্ট নম্বর, ব্রান্ড, মডেল, সাইজ, কালার, ক্যাপাসিটি, উৎস দেশ (country of origin) ইত্যাদি যথাযথ থাকে অর্থাৎ যদি ঘোষণাটি সুস্পষ্ট ও সুনির্দিষ্ট (responsive) হয় যা থেকে পণ্যটি সম্পর্কে সুস্পষ্ট ধারণা পাওয়া যায় এবং ঘোষিত H.S. Code Bangladesh Customs Tariff (BCT) এর 4-digit পর্যন্ত সঠিক থাকে তাহলে তা মিথ্যা ঘোষণা হিসেবে বিবেচিত হবেনা। তবে, এক্ষেত্রে পণ্যের প্রকৃত বর্ণনার ভিত্তিতে সঠিক H.S.Code কিংবা CPC নিরূপনপূর্বক প্রযোজ্য শুল্ক-কর আদায় করতে হবে।

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

## CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আত্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

- (খ) কোন পণ্য প্রথমবার আমদানির ক্ষেত্রে CPC ভুল হলে তা মিথ্যা ঘোষণা হিসেবে বিবেচিত হবে না। তবে প্রথমবার আমদানির পরবর্তীতে আমদানিকৃত পণ্যচালানের ক্ষেত্রে CPC ভুল হলে রাজস্ব সংশ্লিষ্টতা নির্বিশেষে তা মিথ্যা ঘোষণা হিসেবে গণ্য হবে।
- (গ) আমদানিকৃত পণ্য কোনো একটি কাস্টম হাউস/স্টেশন কর্তৃক কোনো H.S.Code কিংবা CPC এর আওতায় শুক্কায়নপূর্বক খালাস পরবর্তীতে উক্ত একই পণ্য একই বা ভিন্ন কাস্টম হাউস/স্টেশনের মাধ্যমে আমদানির ক্ষেত্রে যদি ইতোপূর্বে অনুমোদিত H.S.Code কিংবা CPC সঠিক নয় মর্মে কাস্টম হাউসের এসেসমেন্ট কমিটি কিংবা জাতীয় রাজস্ব বোর্ডের শ্রেণীবিন্যাস কমিটি কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয় এবং এপ্রেক্ষিতে পূর্বের অনুমোদিত H.S.Code কিংবা CPC পরিবর্তন করা হয় তাহলে তা মিথ্যা ঘোষণা হিসেবে বিবেচিত হবে না। Partial Shipment সুবিধায়ুক্ত ঋণপত্রের ক্ষেত্রেও এ বিধান প্রযোজ্য হবে।
- (ঘ) দফা (ক), (খ) ও (গ) মোতাবেক কাস্টমস কর্তৃক নিরূপিত বা অনুমোদিত H.S.Code কিংবা CPC ব্যবহার না করে একই আমদানিকারক কর্তৃক পরবর্তী কোন পণ্যচালানের ক্ষেত্রে একই পণ্য ভুল H.S.Code কিংবা CPC ঘোষণাপূর্বক আমদানি করলে তা কাস্টমস আইনের ৩২ ধারা মোতাবেক মিথ্যা ঘোষণা হিসেবে গণ্য হবে এবং ন্যায় নির্ণয়ন প্রযোজ্য হবে।
- (ঙ) আমদানি দলিলাদি যথা ইনভয়েস, প্রোফরমা ইনভয়েস, এলসি, বি/এল, প্যাকিং লিষ্ট ইত্যাদিতে ভুল H.S.Code ঘোষণা থাকলে এবং বিল অব এন্ট্রি দাখিলের পূর্বে কমিশনারের পূর্বানুমোদনক্রমে সঠিক H.S.Code ঘোষণা প্রদান করা হলে তা মিথ্যা ঘোষণা হিসেবে বিবেচিত হবে না; তবে এক্ষেত্রেও আমদানি দলিলাদির সাথে ম্যানিফেস্ট বা বিল অব এন্ট্রিতে ঘোষিত পণ্যের ওজন, পরিমাণ ও বর্ণনায় তারতম্য পাওয়া গেলে তা অসত্য ঘোষণা হিসেবে বিবেচিত হবে এবং ন্যায় নির্ণয়ন কার্যক্রম সম্পন্ন করতে হবে।

০২। এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাঃ/-

তানভীর আহমেদ

দ্বিতীয় সচিব

(কাস্টমস: ডাটা অ্যানালাইটিকস)

ই-মেইল-sscuspolicy@gmail.com

তারিখ: ২১/১২/২০২৩ খ্রি: